

উপজেলা জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটির ফেব্রুয়ারি-২০২২ মাসের সভা।

সভাপতি : চঞ্চলা মন্ডল, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, বটিয়াঘাটা, খুলনা।

সভার তারিখ : ০৩/০২/২০২২ ইং।

সভার স্থান : উপজেলা পরিষদের সভা কক্ষ বটিয়াঘাটা, খুলনা।

সভার উপস্থিত সদস্য বৃন্দের স্বাক্ষর নিম্ন :

- |  |             |
|--|-------------|
| ১। চঞ্চলা মন্ডল(মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ) সভাপতি।    | স্বাক্ষরিত। |
| ২। জনাব নিতাই গাইন (ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ) সদস্য।       | স্বাক্ষরিত। |
| ৩। জনাব পল্লব কুমার বিশ্বাস রিটু (চেয়ারম্যান, ২ নং ইউপি) সদস্য। | স্বাক্ষরিত। |
| ৪। জনাব শেখ মোঃ আসাবুর রহমান আসাব (চেয়ারম্যান ৬ নং ইউপি) সদস্য। | স্বাক্ষরিত। |
| ৫। জনাব রমেশ মন্ডল, সদস্য।                                       | স্বাক্ষরিত। |
| ৬। জনাব মোঃ হাসিবুর রহমান (SAE, DPHE) সদস্য সচিব।                | স্বাক্ষরিত। |

সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুক্রমে উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভাকে জানান ২০২১-২০২২ অর্থবছরের “সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ” শীর্ষক প্রকল্পের আওতায় প্রতিটি ইউনিয়নে ২৬টি একক পানির উৎস স্থাপনের স্থান নির্বাচনের উপজেলা থেকে প্রাপ্ত তালিকার কাজ শুরু হয়েছে এবং দাপ্তরিক অন্যান্য কর্মকান্ড স্বাভাবিক ভাবে চলছে। তিনি আরো জানান, ২০২০-২০২১ অর্থবছরের “সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ” শীর্ষক প্রকল্পের আওতায় প্রতিটি ইউনিয়নে ২৬টি একক পানির উৎস স্থাপনের কাজ ৯৫% সম্পন্ন হয়েছে। এছাড়াও বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশ ব্লক নির্মাণ কাজ চলমান রয়েছে। সভাপতি মহোদয় বলেন যে সব এলাকায় গভীর নলকূপ স্থাপন সফল না অথবা যেখানে শূক্ৰ মৌসুমে পানির লেয়ার নিচে নেমে যায় সেখানে সারফেস ওয়াটার থেকে বিকল্প কোনো ব্যবস্থা করা, লবণ পানি থেকে মিষ্টি সুপেয় পানিতে রূপান্তর করা এবং চাহিদা অনুযায়ী গভীর নলকূপ বরাদ্দের ব্যবস্থা করার পরামর্শ দেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।



চঞ্চলা মন্ডল

সভাপতি

উপজেলা জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি

ও

উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, বটিয়াঘাটা, খুলনা।

স্মারক নং-৪৬.০৩.৪৭১২.৪০১.০৬১.১৬-১৯৩(৩)

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

- ১। যুগ্ম সচিব, উপজেলা স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বটিয়াঘাটা, খুলনা।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, বটিয়াঘাটা, খুলনা।

তারিখ : ০৩/০২/২০২২ ইং



মোঃ হাসিবুর রহমান

সদস্য সচিব

উপজেলা জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি

ও

উপ-সহকারী প্রকৌশলী

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর

বটিয়াঘাটা, খুলনা।